



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১১৮/২০১৭/ ১৭৭১০

তারিখ: ০৫ চাদ ১৪৩২
২১ আশ্বিন ১৪৩২

বিষয়: সহকারী লাইব্রেরিয়ান মোঃ মোস্তফা ছালেহীন এর চাকুরীতে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: ধানীসাফা ছালেহিয়া ফাজিল মাদরাসার অধ্যক্ষ এর আবেদন, স্মারক নং-ধা.ছা.দা.মা-৮/২৫, তারিখ: ১৪.০৫.২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে বিভাগীয় বিশেষ জজ আদালত, বরিশাল এর মামলা নং ১৪/২০১৯ এর ০৪/০২/২০২৫খ্রি. তারিখে রায় অনুযায়ী ২নং আসামী মাওলানা মোস্তফা সালাহীন-কে পেনাল কোডের ৪০৬/৪২০/৪৬৮/১০৯ ধারার অপরাধে দোষী সাব্যস্তক্রমে পেনাল কোডের ৪০৬/১০৯ ধারায় ০২ (দুই) বছর সশ্রম কারাদন্ড ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থদন্ড, অনাদায়ে আরও ০৩ (তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড, পেনাল কোডের ৪২০/১০৯ ধারায় ০৩ (তিন) বছর সশ্রম কারাদন্ড ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থ দন্ড, অনাদায়ে আরও ০৩(তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড ও পেনাল কোডের ৪৬৮/১০৯ ধারায় ০৫ (পাঁচ) বছর সশ্রম কারাদন্ড ও ১০,০০০/- (দশ হাজার) টাকা অর্থদন্ড, অনাদায়ে আরও ০৬ (ছয়) মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত করেছেন।

এমতাবস্থায়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদরাসার জন্য “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বে-সরকারি মাদরাসা সমূহের শিক্ষক, কর্মচারীগণের চাকুরী শর্তাবলী সংক্রান্ত প্রবিধান-২০২৩ (সংশোধিত)” এবং সরকারি চাকরি আইন ও বিধি প্রযোজ্য হবে। যেহেতু বিজ্ঞ আদালত শুনানী অন্তে মাওলানা মোস্তফা সালাহীন(ধানীসাফা ছালেহিয়া ফাজিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সহকারী লাইব্রেরিয়ান)-কে দন্ডবিধির বিভিন্ন ধারায় মোট ১০ বছর সশ্রম কারাদন্ড ও অর্থদন্ডে দন্ডিত করেছেন সেহেতু চাকুরিতে পুনর্বহাল করার কোন সুযোগ নেই।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মোঃ আইউব হোসেন)

রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫৪০৮০০১

অধ্যক্ষ

ধানীসাফা ছালেহিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর- সাফা বন্দর, উপজেলা- মঠবাড়িয়া
জেলা- পিরোজপুর।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১১৮/২০১৭/ ১৭৭১০ (৭)

তারিখ: ২১.০৮.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। সভাপতি, ধানীসাফা ছালেহিয়া ফাজিল মাদরাসা।
- ৪। বিদ্যোৎসাহী প্রতিনিধি, ধানীসাফা ছালেহিয়া ফাজিল মাদরাসা।
- ৫। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আই.সি.টি. শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। সংশ্লিষ্ট নথি।

(ফাহাদ আহমদ মোমতাজী)

উপ-রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫৪০৮০০৫